



ধন্যবাদ জ্ঞাপন ২০২২

প্রিয় ভাই ও বোনেরা,

যেহেতু আমরা অক্টোবর, ২০২২ সালের ধন্যবাদ জ্ঞাপন দিবসের কাছাকাছি উপস্থিত হয়েছি, কী কারণে আমরা কৃতজ্ঞতা প্রতিফলিত করার এক সুযোগ আমাদের কাছে রয়েছে: যথা আমাদের বিশ্বাস, পরিবার, বন্ধুবান্ধব এবং আমাদের জীবনে নানাবিধ আশীর্বাদের বিষয়ে।

প্রায়শই আমাদের কৃতজ্ঞতা অতীত ও বর্তমানকে বোঝায় যা ঈশ্বরকে ধন্যবাদ দেবার ক্ষেত্রে ইতিমধ্যেই যথেষ্ট কারণ রাখে!

আমি চাই আমাদের ভবিষ্যতের দিকে দৃষ্টিপাত করতে যা কৃতজ্ঞতা প্রকাশের পক্ষে আত্মপক্ষ সমর্থনের বিরাট কারণ উপস্থিত করে। ত্রিত্ব ঈশ্বর আমাদের ভবিষ্যতের জন্য যা সঞ্চিত রেখেছেন তার সঙ্গে বর্তমানে আমাদের জীবনের কোন কিছুর তুলনা করা যায় না। আসুন আমরা ঈশ্বরের পরিত্রাণের পরিকল্পনার বিষয়ে এবং আমাদের ও সমগ্র মানবজাতির জন্যে ঈশ্বরের হৃদয়ে কি বাসনা আছে সেই সম্পর্কে চিন্তা করি: ঈশ্বর

- ১) তাঁর নিখুঁত সহভাগিতায় আমাদের পরিচালিত করবেন
- ২) পুনরুত্থিত দেহ যোগাবেন- যা সম্পূর্ণ নিখুঁত
- ৩) খ্রীষ্টের পাশাপাশি সেবা কাজের সুযোগ আমাদের দেবেন
- ৪) খ্রীষ্টের মত আমাদের নিখুঁত করবেন- তাঁর প্রতিমূর্তিতে ও স্বভাবে
- ৫) আমাদের প্রিয় জনদের সঙ্গে আবার একত্র করবেন
- ৬) আমাদের সকল শোক, ক্ষত, পাপ, মন্দ দূরে সরিয়ে দেবেন এবং পূর্ণ শান্তি যোগাবেন যেখানে প্রেম রাজত্ব করবে।
- ৭) এক নিখুঁত নূতন সৃষ্টিকে উপহাররূপে আমাদের দেবেন।

আসুন আমাদের ভবিষ্যতের বিষয়ে, আমাদের ত্রিত্ব ঈশ্বর, পরিত্রাণের পরিকল্পনা এবং আমাদের ও অবশ্যই সমগ্র মানবজাতির কাছে প্রত্যেকের নিরূপিত সময়ের মধ্যে এসবের অর্থ কি, তাই নিয়ে কিছু সময় ধরে নিজেরা নিবিড়ভাবে সময় কাটাই। পুত্রকে প্রেরণের দ্বারা ঈশ্বর তাঁর প্রেম প্রদর্শন করেছেন। যীশু খ্রীষ্ট আপনার ও আমার জন্য মৃত্যু বরণ করেছেন এবং এর দ্বারা তিনি আমাদের প্রতি তাঁর প্রেমের প্রমাণ করেছেন এবং আমাদেরকে তাঁর চারিত্রিক গুণাবলী ও মহিমার অংশীদার করার প্রতিজ্ঞা করেছেন।

ঈশ্বর আমাদের সকল কিছু দিতে চান ও আমাদের ভবিষ্যতকে নিশ্চিত করতে চান আর বিনিময়ে খুব সামান্যই পেতে চান, আমাদের কাছ থেকে অসামান্য ত্যাগস্বীকারের দাবী করা হয়নি, শুধু তাঁর প্রতি বিশ্বাস, আস্থা ও আমাদের ভালবাসা প্রত্যাশা করেন।

তাঁর প্রতি আমাদের ভালবাসা যখন সক্রিয় থাকে তখন ডিভাইন সার্ভিসে একত্রিত হওয়াকে কোন কষ্টকর বিষয় বলে আমরা মনে করি না, কিন্তু আমরা অকৃত্রিমভাবে ঈশ্বরের ও আমাদের প্রতিবাসীদের প্রতি প্রেম প্রকাশ করার এক উপায় খুঁজে পাই এবং আমাদের উপহারগুলির সাথে প্রভুর সেবা করতে সক্রিয় হই।

“খ্রীষ্টেতে একত্রে” এই বছরের জন্য এটি এক নীতি বাক্যের চাইতেও অধিক কিছু, কে বা কারা, কী ও কোন স্থানে আমরা অবস্থান করতে চাই ধাপ ধাপে এটি বুঝতে সক্ষম হব। এটি হল অতীত, বর্তমান ও এটি হল ভবিষ্যৎ যেখানে আমরা খ্রীষ্টের সাথে নিখুঁত মানসিকতায় একত্রে চিরকাল অবস্থান করব।

আপনাকে ও আপনার প্রিয় জনদের এক আশীর্বাদপূর্ণ কৃতজ্ঞতা জ্ঞাপন পর্বের শুভেচ্ছা জানাই।

Mark Ull

মার্ক উল